75

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 11 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# সাতক্ষীরায় প্রাথমিক শিক্ষার করুণ অবস্থা

সাতক্ষীরা সংবাদদাতা ॥ শিক্ষক ও শিক্ষা উপকরণের স্বল্পতা, স্কুল কমিটির চরম অবহেলা, শিক্ষা অফিসের দায়িত্বহীনতা ইত্যাদি কারণে সাতক্ষীরার প্রাথমিক শিক্ষার ক্রমাবনতি ঘটিতেছে। এইসব কারণে প্রায় ৪০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।

(৭ম পৃঃ দ্রঃ)

## সাতক্ষীরায়

(৩য় পৃঃ পর)

এদিকে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী ছয়মাস যাবৎ বন্ধ থাকায় স্কুলগুলিতে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হারও দিন দিন কমিতেছে। বিভিন্ন প্রাথমিক স্কুলে সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রাথমিক শিক্ষার অগ্রগতি এই জেলায় কেবল কাগজে-কলমেই সীমাবদ্ধ।

জেলার সাতটি থানার ৭৮টি থানার ইউনিয়নে ৬২২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ৩৬১টি বেসরকারি ও পাঁচটি আনরেজিষ্টার্ড বিদ্যালয় রহিয়াছে। কয়েকটি কমিউনিষ্ট স্যাটেলাইট বিদ্যালয়ও রহিয়াছে। তবে এগুলির কার্যক্রম সুবিধাজনক নহে। বেশিরভাগ অভিভাবকের অভিযোগ স্কুলের শিক্ষকর সময় সচেতন নহেন, তাহারা স্কুলের সময় মানিয়া চলেন না। কাগজে-কলমে তাহাদের কার্যক্রম একরকম লেখা হইলেও বাস্তব উহার বিপরীত। বহু বিদ্যালয়ে শিক্ষকের-পদশূন্য, প্রয়োজনীয় আসবাব নাই। স্কুলের বয়সী শিশুরা স্কুলে না গিয়া শিশু শ্রমিকের সংখ্যাবৃদ্ধি করিতেছেন।